

তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১টি অভিযোগের শুনানীশেষে ০৮টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৩টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের প্রোগ্রামার, নেত্রকোণার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়ার লালন একাডেমির সদস্য সচিব, ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) এবং ঢাকার বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। এছাড়া গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর মাধ্যমে তিনটি অভিযোগের নিষ্পত্তি করা হয়।

অন্যদিকে রংপুর কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট এর হারাগাছ সার্কেলের রাজস্ব কর্মকর্তা ও লক্ষ্মীপুরের চরশাহী ইসলামিয়া আলীম হাজির মাদ্রাসার শারীরিক শিক্ষকের বিরুদ্ধে আনিত অভিযোগের এবং একটি গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব
নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

স্বাক্ষরিত:-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd